# Times Today BD

সিনিয়র রিপোর্টার | অর্থনীতি | 25 May, 2025

বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি) এর দাবি পূরণের আশ্বাসে সারাদেশে চলমান পেট্রল পাম্প ও ট্যাংলরি মালিক ঐক্য পরিষদের কর্মবিরতি স্থগিত করা হয়েছে। রোববার (২৫ মে) চলমান সংকট মোকাবিলায় ধর্মঘট আহ্বানকারী সংগঠনের সঙ্গে বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়।

এর আগে, তেল বিক্রির কমিশন ন্যূনতম ৭ শতাংশ করাসহ দশ দফা দাবিতে সারা দেশে ধর্মঘট করে বাংলাদেশ পেট্রোল পাম্প ও ট্যাংকলরি মালিক ঐক্য পরিষদ।

এদিকে, দুপুর ১টা থেকে সিরাজগঞ্জের শাহজাদপুরের বাঘাবাড়ি ওয়েল ডিপো থেকে তেল উত্তোলন শুরু হয়েছে।এর আগে সকাল ৬টা থেকে দুপুর ২টা পর্যন্ত পেট্রোল পাম্প ও ডিপো থেকে তেল উত্তোলন এবং পরিবহন বন্ধ থাকে। কর্মসূচি হিসেবে সিরাজগঞ্জের শাহজাদপুরের বাঘাবাড়ি অয়েল ডিপো থেকে তেল উত্তোলন বন্ধ থাকে।

বাংলাদেশ পেট্রোলিয়াম মালিক পেট্রল পাম্প

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:35

URL: https://www.timestodaybd.com/public/economy/2909775807